



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)
৮ রাজউক এভিনিউ, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০১.২০.১২৬৬

তারিখ: ৩০ ডিসেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

সিনিয়র অফিসার (ইঞ্জি.) (গ্রেড-৯) এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার (গ্রেড-১০) পদে নিয়োগের লক্ষ্যে পুলিশ ভেরিফিকেশন রোল জমা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৩ ডিসেম্বর ২০২০ তারিখের বিজ্ঞপ্তি নং ১৮৮/২০২০ এর মাধ্যমে প্রকাশিত ফলাফল অনুসারে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এ সিনিয়র অফিসার (ইঞ্জি.) পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত ০১ জন প্রার্থীর রোল নম্বর সম্বলিত তালিকা কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

০২। এছাড়া, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০ ডিসেম্বর ২০২০ তারিখের বিজ্ঞপ্তি নং ১৭৬/২০২০ এর মাধ্যমে প্রকাশিত ফলাফল অনুসারে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এ ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত ০১ জন প্রার্থীর রোল নম্বর সম্বলিত তালিকা কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

০৩। সিনিয়র অফিসার (ইঞ্জি.) এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে কর্পোরেশনের ওয়েবসাইট (www.icb.gov.bd) হতে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম ডাউনলোড করে স্বহস্তে যথাযথভাবে পূরণ করে এর সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ক্রমানুসারে সংযুক্ত করে উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪), ৮ রাজউক এভিনিউ, ঢাকা বরাবর আগামী ০৭ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার মারফত/সরাসরি জমা করার পরামর্শ দেয়া যাচ্ছে:

- ১) রোল নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- ২) সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি;
- ৩) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি;
- ৪) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত কপি;
- ৫) কোটার স্বপক্ষে দলিলাদির সত্যায়িত কপি (প্রয়োজ্য ক্ষেত্রে);
- ৬) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি; এবং
- ৭) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

০৪। কোন প্রার্থী নির্ধারিত তারিখের মধ্যে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম ও আনুষঙ্গিক কাগজপত্র জমা প্রদানে ব্যর্থ হলে তিনি নিয়োগের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(মাহমুদা আক্তার)
উপ-মহাব্যবস্থাপক
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
ফোন : ৯৫৮১৬৫৩